দুটি আসনের অতিগুরত্বপূর্ণ ২৭টি সেন্টার, নির্বাচন সুষ্ঠ হওয়ার প্রত্যাশা

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট সুষ্ঠ ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার লক্ষ্যে সকল প্রস্তুতি সম্পন্ন করেছে জেলা প্রশাসন।

গতকাল বুধবার সকাল ১১টার দিকে জেলা প্রশাসন কার্যালয় প্রাঙ্গণে সাংবাদিক ও পর্যবেক্ষকের সঙ্গে মতবিনিময় কালে জেলা প্রশাসক ও রিটার্নিং কর্মকর্তা ড. সৈয়দ এনামুল কবীর এ কথা বলেন।

তিনি বলেন, মেহেরপুরের দুটি আসনে ২১৩টি কেন্দ্র ও ২টি পোস্টাল ভোট কেন্দ্রসহ ২১৫টি ভোট কেন্দ্রে ভোটগ্রহণ করা হবে। প্রার্থী ও সকলের সহযোগীতায় এ জেলায় সুষ্ঠভাবে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। এখন পর্যন্ত ভোটের আগে যেধরণের অপরাধ ও আশঙ্কা থাকে সেগুলো কিছুই দেখা যায়নি। তাই আমরা মনে করি সুষ্ঠ ও সুন্দরভাবে আমরা ভোটগ্রহণ সম্পন্ন করতে পারবো।

সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ও রিটার্নিং অফিসার ড. সৈয়দ এনামুল কবির। এ সময় উপস্থিত ছিলেন পুলিশ সুপার উজ্জ্বল কুমার রায়, সেনাবাহিনী লে. কর্ণেল হাসান মাহমুদ সৌরভ, জেলা নির্বাচন কর্মকর্তা মো. এনামুল হক।

সভাপতির বক্তব্যে রিটার্নিং অফিসার ড. সৈয়দ এনামুল কবির বলেন, আসন্ন নির্বাচন সুষ্ঠু, অবাধ ও নিরপেক্ষভাবে সম্পন্ন করতে ব্যাপক নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। মেহেরপুর জেলায় নির্বাচনী নিরাপত্তায় বিজিবির ৯টি প্লাটুন, র্যাবের ৪টি প্লাটুন, ২৫০ জন সেনাসদস্য মোতায়েন থাকবে। এছাড়া ২৫টি মোবাইল টিম, ১০টি স্ট্রাইকিং ফোর্স ও হেল্পলাইন ৯৯৯ সার্বক্ষণিক সক্রিয় থাকবে।

তিনি আরও বলেন, প্রতিটি ভোটকেন্দ্রে পর্যাপ্ত সংখ্যক পুলিশ সদস্য নিয়োজিত থাকবে এবং আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী যেকোনো অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি মোকাবেলায় সর্বদা প্রস্তুত থাকবে।

পুলিশ সুপার উজ্জল কুমার রায় বলেন, আমরা অতিগুরত্বপূর্ণ (ঝুকিপূর্ণ) হিসেবে দুটি আসনে ২৭টি সেন্টারকে চিহিৃত করেছি। এই

২৭টি সেন্টারে বডি অন ক্যামেরাসহ পুলিশ কর্মকর্তা থাকবে। এছাড়া সকল সেন্টারে যাতে সুষ্ঠভাবে ভোটগ্রহণ সম্পন্ন হয় সেভাবে আমরা সজাগ আছি।

এদিকে, সকাল থেকে বিভিন্ন সেন্টারে ব্যালটবাক্স, অমোচনী কালীসহ নির্বাচনী সরঞ্জাম সরবরাহ শুরু করেছে উপজেলা প্রশাসন।

মুজিবনগরে টার্গেট ডিফেন্স জব কোচিং সেন্টারের উদ্বোধনী

মুজিবনগরের কেদারগঞ্জ বাজারে টার্গেট ডিফেন্স জব কোচিং সেন্টারের উদ্বোধনী ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

সোমবার (২৭ জানুয়ারি) বিকেল ৪ টায় মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সংলগ্ন হাজী জসীম শপিং কমপ্লেক্সে এই উদ্বোধনী ও দোয়া অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

উদ্বোধনী অনুষ্ঠানের সভাপতিত্ব করেন প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক মোঃ শাহিন উদ্দিন শাহীন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ জসিম উদ্দিন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ আমিনুল ইসলাম আমিন।

এছাড়া অনুষ্ঠানে প্রতিষ্ঠানের প্রশিক্ষক মোঃ আব্দুর রফিক, মোঃ সানোয়ার হোসেন, মোঃ বিপ্লব হোসেন এবং মোছা আখি খাতুন উপস্থিত ছিলেন। পবিত্র কোরআন তেলাওয়াত করেন মাওলানা রাসেল।

বিশ্ব ডায়াবেটিস দিবস উপলক্ষে ফ্রী মেডিকেল ক্যাম্প

বিশ্ব ডায়াবেটিস দিবস উপলক্ষে গাংনী ডক্টর পয়েন্টস, ডায়াবেটিস রিসার্স সেন্টারের উদ্যোগে দিনব্যাপি ফ্রী মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হচ্ছে।

গাংনী কাথুলি মোড় এসআরএস টাওয়ারের ডক্টর পয়েন্টসে এই ফ্রী মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হচ্ছে। ০১৭২১৫৬১২৬৩ ও ০১৭৩১১৮৬১১১৩ মোবাইল নং নাম বয়স ও গ্রাম লিখে এসএমএসের মাধ্যমে রেজিষ্ট্রেশন করার জন্য বলা হয়েছে।

এই ফ্রী মেডিকেল ক্যাম্পে দিন ব্যাপি ফ্রী রোগী দেখবেন বঙ্গবন্ধু শেখ মুজিব বিশ্ববিদ্যালয়ের (পিজিটি) মেডিসিন, এমডি কার্ডিওলোজি রেসিডেন্ট ডাক্তার সজীব উদ্দীন স্বাধীন, গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার পিজিটি (মেডিসিন) সিসিডি (বার্ডেম) ডাক্তার আদিলা আযহার আরশি ও মেহেরপুর ২৫০ শয্য বিশিষ্ট জেনারেল হাসপাতালের মেডিকেল অফিসার পিজিটি (মেডিসিন) সিএমইউ (ঢাকা) ডাক্তার শোভন মল্লিক।

এলাকার ডায়াবেটিস রোগীদের যোগাযোগ ও ফ্রী মেডিকেল ট্রিটমেন্ট নেওয়ার জন্য গাংনী ডক্টরস পয়েন্টস এর পক্ষ থেকে অনুরোধ করা হয়েছে।